
# বেঁচে থাকার জন্য বিশুদ্ধ পানি অপরিহার্য

**Passaic Valley Water Commission**

প্যাসাইক ভ্যালি ওয়াটার কমিশন



আমাদেরকে সোশ্যাল মিডিয়ায় ফলো করুন!

@thePVWC @PVWC @PVWC @passaic_valley_water

আমাকে স্ক্যান করুন

ভিজিট করুন **PVWC.com**

## আমরা কারা

### সেবা, অভিযোজন ও উদ্ভাবনের ইতিহাস

- **1849** Passaic Water Co. (প্যাসাইক ওয়াটার কোম্পানি) স্থাপিত হয় এবং প্যাটারসনে পানি সরবরাহের জন্য ফ্র্যাঞ্চাইজি গ্রহণ ও নিশ্চিত করে।
- **1902** লিটল ফলস ফিল্ট্রেশন প্ল্যান্ট কার্যক্রম শুরু করে।
- **1927** ক্লিফটন, প্যাসাইক ও প্যাটারসনের জন্য NJ স্টেট বেসরকারি মালিকানাধীন ওয়াটার ওয়ার্ক সিস্টেম অধিগ্রহণের উদ্দেশ্যে Passaic Valley Water Commission (প্যাসাইক ভ্যালি ওয়াটার কমিশন) গঠন করে।
- **1937** Prospect Park ওয়াটার সিস্টেম অধিগ্রহণ করে।
- **1962** Little Falls Water Filtration Plant (লিটল ফলস ওয়াটার ফিল্টারেশন প্ল্যান্ট)-এ মূল পরিবর্ধন ও আধুনিকীকরণের কাজগুলো শুরু হয়।
- **1986** Water Treatment Plant (ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট)-এর মূল পরিবর্ধনমূলক কার্যক্রম।
- **1997** Prospect Park ওয়াটার সিস্টেম অধিগ্রহণ করে।
- **2004** অত্যাধুনিক ওজোনেশন সম্বলিত নতুন পানি পরিশোধনাগার আপগ্রেডের কাজ সম্পন্ন হয়।
- **2005** North Arlington Water Utility (নর্থ আর্লিংটন ওয়াটার ইউটিলিটি) এর অধিগ্রহণ।
- **2013** জলাধারের আবদ্ধ স্টোরেজ বিষয়ক গবেষণা সম্পন্ন।
- **2022** প্যাটারসন, ক্লিফটন, প্যাসাইক ও প্রসপেক্ট পার্কে 6,500 লাইন লক্ষ্য করে $36M এর গ্রাহক-মালিকানাধীন লীড সার্ভিস লাইন প্রতিস্থাপন প্রোগ্রাম শুরু হয়।
- **2023** Little Falls পরিশোধনাগারে 12 মেগাওয়াটের জরুরি ব্যাক-আপ পাওয়ার চালু করা হয়। ওপেন-এয়ার লেভাইন জলাধার প্রতিস্থাপনের লক্ষ্যে দুটি 2.5-মিলিয়ন-গ্যালনের স্টোরেজ ট্যাংকের নকশা চূড়ান্ত করা হয়।
- বর্তমানে – ইলেক্ট্রিক্যাল ও প্লামিং ট্রেডের দক্ষ 240 জন কর্মী, পেশাদার প্রকৌশলী, হিসাবরক্ষক, লাইসেন্সপ্রাপ্ত চিকিৎসা ও বিতরণ অপারেটর রয়েছেন যাদের বেশিরভাগই আমাদের সেবা প্রদানকারী এলাকাগুলোতে বসবাস করেন এবং 800,000-এরও বেশি মানুষকে উচ্চ মান সম্পন্ন পানি বিতরণে সহায়তা করেন।




### নির্বাহী পরিচালক

*James G. Mueller, P.E.*



Mr. Mueller 2022 সালের ফেব্রুয়ারিতে PVWC-এর নির্বাহী পরিচালক হিসাবে যোগদান করেন। তার দায়িত্ব হলো স্টেটের সর্ববৃহৎ পাবলিক ওয়াটার সাপ্লাই এর কার্যক্রম পরিচালনা ও দেখাশুনা করা যারা নিউ জার্সির 800,000 এরও বেশি গ্রাহক এবং 24টি পাইকারি পানির সাপ্লায়ারকে সেবা প্রদান করে।

বৃহৎ পরিসরের পানির অবকাঠামো বিষয়ক প্রোজেক্টগুলোতে তার বিস্তৃত অভিজ্ঞতা PVWC-এর চলমান $809 মিলিয়ন মূলধনের প্রোগ্রামে বিশাল অবদান রাখে।

Mr. Mueller প্রায় 30 বছর NYC Department of Environmental Protection (NYC ডিপার্টমেন্ট অভ এনভায়রনমেন্টাল প্রোটেকশন)-এ কাজ করেছেন। তিনি 2018 সাল থেকে PVWC-এ যোগ দেওয়ার আগ পর্যন্ত NYC DEP-এর প্রধান প্রকৌশলী হিসাবে কাজ করেছেন।

**PVWC 2023 সালে Exceptional Utility Performance (ব্যতিক্রমী ইউটিলিটি কর্মক্ষমতা) এর জন্য Gold Award পায়।**



**ASSOCIATION OF METROPOLITAN WATER AGENCIES**

## সিস্টেমের সারসংক্ষেপ

800,000 লোকের জন্য দুটি প্রধান পানির উৎস

**Wanaque Reservoir** – North Jersey District Water Supply Commission (নর্থ জার্সি ডিস্ট্রিক্ট ওয়াটার সাপ্লাই কমিশন -NJDWSC) এর দ্বারা পরিশোধন করে PVWC-কে দেওয়া হয়েছে যার বেশিরভাগ PVWC ও নেওয়ার্কের মালিকানাধীন।

**Passaic River** – PVWC-এর দ্বারা Little Falls Water Treatment Plant-এ পরিশোধন করে তিনটি (3) পৃথক স্টোরেজ জলাধারের পাশাপাশি আমাদের বিতরণ সিস্টেমে পাম্প করা হয়।

দৈনিক প্রবাহের মোট বার্ষিক গড় = দৈনিক 77 মিলিয়ন গ্যালন যা 3,000টি প্রমাণ আকারের সুইমিং পুল পূরণ করার জন্য যথেষ্ট!

আন্তঃসংযোগ – PVWC আমাদের আশেপাশের কয়েক ডজন পানি বিতরণ সিস্টেমের সাথে আন্তঃসংযোগ বজায় রাখে। আন্তঃসংযোগের ফলে আমরা প্রয়োজনের সময় বা জরুরি অবস্থায় পানির উৎসসমূহ ভাগাভাগি করার সুযোগ পাই।


## ভবিষ্যৎ প্রজন্মের জন্য পানি

*প্রয়োজনই উদ্ভাবনের মূল* - Plato

আমাদের অবকাঠামোতে বিনিয়োগ – আগামী 5 বছরে, PVWC আমাদের পুরনো অবকাঠামো উন্নত করতে, নিয়ন্ত্রক আদেশসমূহ পালন করতে, পরিবর্তনশীল নীতিমালা অনুসারে কাজ করতে এবং আমাদের তথ্য প্রযুক্তি, যানবাহন ও অন্যান্য যন্ত্রপাতির আধুনিকায়নে $809 মিলিয়ন বিনিয়োগ করবে।

আমাদের কর্মীদের জন্য বিনিয়োগ – নিউ জার্সি স্টেটের অন্যতম বড় ও জটিল পানি বিতরণ সিস্টেম পরিচালনা করার জন্য আধুনিক ও উন্নত দক্ষতার প্রয়োজন। উত্তরাধিকার পরিকল্পনা তৈরি করা এবং যোগ্য কর্মীদের একটি পাইপলাইন বজায় রাখা খুবই জরুরি। শিক্ষানবিশ, কো-অপ শিক্ষার্থী, ইন্টার্নশিপের জন্য প্রোগ্রাম ও একটি আনুষ্ঠানিক সামার-হেল্প প্রোগ্রাম পাইপলাইনটি বজায় রাখতে সহায়তা করে। পাশাপাশি, ইনসোর্সিং কার্যক্রম যেমন কর্মীদেরকে ইনসার্শন ভালভ স্থাপন করার ব্যাপারে প্রশিক্ষণ প্রদান করলে সেই ভালভের সাহায্যে করা প্রতিটি মেরামতের জন্য কোম্পানি $15,000-এর বেশি সাশ্রয় করে, সেইসাথে কর্মীদের দক্ষতা ও মূল্যবোধ বৃদ্ধি পায়।

আমাদের কমিউনিটির জন্য বিনিয়োগ – আমরা যখন অবকাঠামোতে বিনিয়োগ করি, একই সাথে আমরা কর্ম সংস্থান ও স্থানীয় ব্যবসার সুযোগ তৈরির মাধ্যমে আমাদের কমিউনিটির জন্যেও বিনিয়োগ করি। আমরা কর্মজীবনের সুযোগ ও দক্ষতা উন্নয়নের সম্ভাবনাও তৈরি করি যার দ্বারা PVWC ও কমিউনিটি উভয়ই উপকৃত হয়। আমাদের অবকাঠামো প্রতিস্থাপনমূলক প্রোগ্রামগুলোর কারণে আমরা আমাদের কমিউনিটিতে নতুন উন্নয়ন ও অর্থনৈতিক প্রবৃদ্ধির ফলে সৃষ্ট পানি সরবরাহের ক্রমবর্ধমান চাহিদা মেটাতে প্রস্তুত থাকতে পারি।



## মূলধন গঠন

জলাধার – PVWC 3টি ওপেন-এয়ার জলাধার পরিচালনা করে যেখানে পানি পরিশোধন করার পরে কিন্তু আপনার কাছে পোঁছানোর আগে সংরক্ষণ করা হয়। খোলা জলাধারগুলোর পানিতে বৃষ্টি, স্টর্ম ওয়াটার রান অফ, পাতিহাঁস, রাজহাঁস ও অন্যান্য বন্যপ্রাণী হতে পুনরায় দূষণকারী পদার্থ প্রবেশ করতে পারে। এবং খোলা জলাধারগুলোতে এমন পরিশোধন পদ্ধতি প্রয়োগ করা যায় না যা আপনার খাবার পানিতে সীসার ঝুঁকি কমাতে পারে।

সেই জন্যে আমরা 20-মিলিয়ন গ্যালন 'Levine Reservoir' বন্ধ করে দিয়ে তা সুরক্ষিত আবদ্ধ পানির ট্যাংক দিয়ে প্রতিস্থাপন করছি। ফেডারেল আদেশ অনুসারে এই $40 মিলিয়নের প্রোজেক্টটির কাজ আগামী বছরের মধ্যে শুরু হবে বলে আশা করা হচ্ছে।

ওয়াটার মেইন – আমরা 650 মাইলেরও বেশি ভূগর্ভস্থ পাইপলাইনের ব্যবস্থাপনা করি। আমাদের ভূগর্ভস্থ পাইপলাইনের দুই প্রান্ত ক্লিফটন থেকে ইন্ডিয়ানাপলিস হয়ে তার বাইরেও প্রসারিত হবে। 2030 সালের মধ্যে, এই ওয়াটার মেইনগুলোর প্রায় 60% এক শতাব্দীরও বেশি পুরনো হয়ে যাবে এবং সেগুলোর মেরামত করা বা প্রতিস্থাপন করার প্রয়োজন হবে। PVWC আমাদের সিস্টেমের সবচেয়ে গুরুত্বপূর্ণ এলাকাগুলোতে পাইপগুলোর মূল বিষয়সমূহ মূল্যায়ন করতে এবং প্রতিস্থাপনমূলক ওয়াটার মেইনগুলোর ডিজাইন তৈরি করতে $6 মিলিয়নের বেশি বিনিয়োগ করছে।

লীড সার্ভিস লাইন প্রতিস্থাপন – খাবার পানিতে সীসা শিশু ও প্রাপ্তবয়স্কদের জন্য, বিশেষ করে ছোট শিশু ও গর্ভবতী মহিলাদের জন্য মারাত্মক ক্ষতিকর। 1984 সাল থেকে, আমরা PVWC-মালিকানাধীন 26,000টিরও বেশি লীড লাইন প্রতিস্থাপন করেছি। এখন আমরা আমাদের মূল সিস্টেমের মধ্যে 6,500টি গ্রাহক-মালিকানাধীন লীড সার্ভিস লাইন প্রতিস্থাপনের দিকে মনোযোগ দিয়েছি। PVWC এই প্রোজেক্টে $36 মিলিয়ন বিনিয়োগ করবে, তবে স্টেট থেকে $27 মিলিয়ন ভর্তুকি আমাদের গ্রাহকদের উপর থেকে আর্থিক চাপে অনেক কমিয়ে দেবে।




PFAS নীতিমালা – পারফ্লুরোঅ্যালকাইল এবং পলিফ্লুরালকিল পদার্থ (PFAS) হলো তৈরিজাত রাসায়নিক পদার্থ যা খাবারের প্যাকেজিং, নন-স্টিক কুকওয়্যার, দাগ-প্রতিরোধকারী কাপড়, দাগ প্রতিরোধকারী কার্পেট এবং অগ্নিনির্বাপক ফোমে পাওয়া যায়। সময়ের সাথে সাথে, PFAS আরো নির্গত হচ্ছে এবং তা বায়ু, মাটি ও পানিতে জমা হতে পারে এবং মানবদেহে প্রবেশ করতে পারে। 2024 সালের এপ্রিলে US Environmental Protection Agency (ইউএস এনভায়রনমেন্টাল প্রোটেকশন এজেন্সি) খাবার পানিতে PFAS-এর ব্যাপারে নতুন মানদণ্ড চূড়ান্ত করেছে যা 2029 সালে কার্যকর হবে।

পানি শিল্পে নেতৃত্ব দানকারী হিসাবে PVWC সকল বিদ্যমান মানদণ্ড মেনে চলে এবং এই নতুন মানগুলোও তারা অনুসরণ করবে। আমাদের পরিকল্পনা হলো নতুন পদ্ধতিগুলো পরীক্ষা করার পাশাপাশি বিদ্যমান পরিশোধনকারী প্রক্রিয়াগুলোকেও আরো কার্যকরী করে তোলা। আমরা আমাদের গ্রাহকদের জন্য সবসময় উচ্চ মান সম্পন্ন পানি সরবরাহ করার পাশাপাশি প্রয়োজন অনুসারে আপগ্রেড ডিজাইন ও নির্মাণ করবো।

**Passaic Valley Water Commission**

ভিজিট করুন www.PVWC.com অথবা কল করুন 973-340-4300 নম্বরে